शिक्षा मंत्रालय
स्कूल शिक्षा और साक्षरता विभाग
MINISTRY OF EDUCATION
Department of School Education & Literacy

समग्र शिक्षा
Samagra Shiksha

বিদ্যালয় পরিচালন সমিতির জন্য নির্দেশিকা (এস.এম.সি)

স্কুল শিক্ষা ও সাক্ষরতা বিভাগ,
শিক্ষা মন্ত্রণালয়, ভারত সরকার
(মে 2026)

মে *2026*
PD 0.5H BS

© ন্যাশনাল কাউন্সিল অফ এডুকেশনাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং, 2026

প্রকাশনা বিভাগ থেকে সচিব, ন্যাশনাল কাউন্সিল অব এডুকেশনাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং, শ্রী অরবিন্দ মার্গ, নিউ দিল্লি – 110 016 কর্তৃক প্রকাশিত এবং নারায়ণ প্রিন্টার্স অ্যান্ড বাইন্ডার্স, ডি-177-178, সেক্টর-63, নয়ডা (ইউ. পি.) 201 301-এ মুদ্রিত

शिक्षा मंत्रालय
स्कूल शिक्षा और साक्षरता विभाग
MINISTRY OF EDUCATION
Department of School Education & Literacy
सत्यमेव जयते

समग्र शिक्षा
Samagra Shiksha

বিদ্যালয় পরিচালন সমিতির জন্য নির্দেশিকা (এস.এম.সি)

স্কুল শিক্ষা এবং সাক্ষরতা বিভাগ,
শিক্ষা মন্ত্রক, ভারত সরকার
(মে 2026)

धर्मेन्द्र प्रधान
ଧର୍ମେନ୍ଦ୍ର ପ୍ରଧାନ
Dharmendra Pradhan

सत्यमेव जयते

शिक्षा मंत्री
भारत सरकार
Minister of Education
Government of India

বার্তা

আমি এটা জেনে আনন্দিত যে, শিক্ষা মন্ত্রকের স্কুল শিক্ষা ও সাক্ষরতা বিভাগ দ্বারা বিদ্যালয় পরিচালন সমিতি(এস.এম.সি) নির্দেশিকা, 2026 জারি করা হচ্ছে। এই নির্দেশিকাগুলিতে অন্তর্ভুক্তিমূলক শিক্ষার প্রসার, অংশগ্রহণমূলক বিদ্যালয় উন্নয়ন পরিকল্পনা সুদৃঢ়করণ এবং বিদ্যালয়, অভিভাবক, স্থানীয় কর্তৃপক্ষ, অন্যান্য বিভাগ এবং জনসমাজের মধ্যে পারস্পরিক সহযোগিতা ও সমন্বয়কে শক্তিশালী করার ক্ষেত্রে এস.এম.সি-র ভূমিকা ও দায়িত্বগুলিকে স্পষ্টভাবে তুলে ধরা হয়েছে।

জাতীয় শিক্ষানীতি (এন.ই.পি)-2020 অনুযায়ী, শিক্ষা হলো, সরকার, বিদ্যালয়, অভিভাবক এবং জনসমাজের এক যৌথ দায়বদ্ধতা। এন.ই.পি-2020-তে বলা হয়েছে যে, শিক্ষার্থীদের শিখন মানোন্নয়ন, সামগ্রিক কল্যাণ এবং বিদ্যালয়ের স্বচ্ছতা নিশ্চিত করতে গেলে অভিভাবক ও সাধারণ মানুষের সক্রিয় অংশগ্রহণ একান্ত প্রয়োজন; বিশেষ করে সুবিধাবঞ্চিত ও পিছিয়ে পড়া শ্রেণির শিশুদের ক্ষেত্রে এটি আরও বেশি জরুরি। আমার দৃঢ় বিশ্বাস যে, একটি শক্তিশালী এবং কার্যকর বিদ্যালয় পরিচালন সমিতি(এস.এম.সি)প্রতিটি বিদ্যালয়ে একটি অন্তর্ভুক্তিমূলক, সহযোগিতামূলক এবং ফলপ্রসূ শিক্ষার পরিবেশ গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

মাননীয় প্রধানমন্ত্রীর বিকশিত ভারত@2047-এর রূপকল্পে শিক্ষাকে রাষ্ট্র নির্মাণের কেন্দ্রবিন্দুতে রাখা হয়েছে এবং জন-অংশগ্রহণকে সুশাসনের মূল ভিত্তি হিসেবে প্রতিষ্ঠিত করা হয়েছে। একটি শক্তিশালী, অন্তর্ভুক্তিমূলক এবং আত্মনির্ভর ভারত নির্মাণ কেবল তখনই সম্ভব, যখন প্রতিটি শিশু গুণগত শিক্ষা পাবে এবং সমাজের প্রতিটি মানুষ বিদ্যালয়ের ভবিষ্যৎ রূপায়ণে সক্রিয়ভাবে অংশগ্রহণ করবে।

এই প্রেক্ষাপটে, তৃণমূল স্তরে বিদ্যালয় শিক্ষার ভীত মজবুত করার ক্ষেত্রে বিদ্যালয় পরিচালন সমিতি (এস.এম.সি) অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অভিভাবক, শিক্ষক এবং স্থানীয় বাসিন্দাদের এক ছাতার তলায় নিয়ে আসার মাধ্যমে এস.এম.সি একদিকে যেমন শিক্ষার্থীদের শিখনের মানোন্নয়নে সাহায্য করে, অন্যদিকে বিদ্যালয়ের স্বচ্ছতা ও সামাজিক সমতা নিশ্চিত করতেও বড় অবদান রাখে। বিদ্যালয় পরিকল্পনা এবং সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় তাঁদের এই অংশগ্রহণ বিদ্যালয়গুলোকে স্থানীয় চাহিদা অনুযায়ী পরিচালিত হতে সাহায্য করে এবং জনসমাজের মধ্যে একাত্মবোধ ও পারস্পরিক বিশ্বাসের সম্পর্ককে আরও দৃঢ় করে তোলে।

বিকশিত ভারত @2047-এর পথে আমাদের এই যাত্রা নির্ভর করছে সক্ষম, আত্মবিশ্বাসী এবং দায়িত্বশীল নাগরিক গড়ে তোলার ওপর। আর এই জাতীয় লক্ষ্য অর্জনে সক্রিয় ও ক্ষমতায়নসম্পন্ন এস.এম.সি দ্বারা পরিচালিত শক্তিশালী বিদ্যালয়গুলোই হলো প্রধান ভিত্তি। তৃণমূল স্তরে বিদ্যালয়ের প্রশাসনিক কাঠামোকে সুদৃঢ় করার মাধ্যমেই আমরা আমাদের শিশুদের ভবিষ্যৎ এবং ভারতের এক উজ্জ্বল ভবিষ্যতের জন্য এক মজবুত ভিত তৈরি করছি।

আমার পূর্ণ বিশ্বাস যে এই নির্দেশিকাগুলি দেশজুড়ে বিদ্যালয়ের কার্যকর প্রশাসনিক পরিচালনার জন্য একটি শক্তিশালী ও দূরদর্শী রূপরেখা প্রদান করবে এবং প্রতিটি শিশুর জন্য মানসম্মত, অন্তর্ভুক্তিমূলক ও সামগ্রিক শিক্ষা নিশ্চিত করতে উল্লেখযোগ্য অবদান রাখবে।

ধর্মেন্দ্র প্রধান

সবার জন্য শিক্ষা, ভালো শিক্ষা

কক্ষ নং - 21107, প্রথম তলা, মাননীয় শিক্ষামন্ত্রীর কার্যালয়, গেট নং 04, কর্তব্য ভবন-2, নতুন দিল্লি-110001
ই-মেইল: minister.sm@gov.in

जयन्त चौधरी
JAYANT CHAUDHARY

सत्यमेव जयते

कौशल विकास और उद्यमशीलता
राज्य मंत्री (स्वतंत्र प्रभार) एवं
शिक्षा राज्य मंत्री
भारत सरकार
Minister of State (Independent Charge) for
Skill Development and Entrepreneurship
and Minister of State for Education
Government of India

বার্তা

দেশ গঠনের মূল কেন্দ্রবিন্দু হলো শিক্ষা, আর এই যাত্রায় জন-অংশগ্রহণই হলো সবথেকে শক্তিশালী চালিকাশক্তি। একটি অন্তর্ভুক্তিমূলক এবং ভবিষ্যৎ-মুখী রাষ্ট্র গড়ে তোলার জন্য আমাদের বিদ্যালয়গুলির সঙ্গে স্থানীয় জনসমাজের নিবিড় সংযোগ থাকা একান্ত প্রয়োজন। সমাজের এই সক্রিয় সহযোগিতাই বিদ্যালয়গুলিকে শক্তিশালী ও প্রাণবন্ত করে তোলে।

জাতীয় শিক্ষানীতি(এন.ই.পি) 2020-র লক্ষ্য হলো, বিদ্যালয়গুলিকে এমন একটি প্রাণবন্ত প্রতিষ্ঠান হিসাবে গড়ে তোলা, যেখানে অভিভাবক, শিক্ষক এবং স্থানীয় অংশীজনেরা প্রতিটি শিশুর সামগ্রিক বিকাশ, উন্নত শিখন মান এবং সার্বিক কল্যাণ নিশ্চিত করতে একসঙ্গে কাজ করবেন। এই ভাবনার মূলে রয়েছে বিদ্যালয় পরিচালন সমিতি(এস. এম.সি); যা জন-অংশগ্রহণ, যৌথ দায়বদ্ধতা এবং সম্মিলিত প্রচেষ্টার, তৃণমূল স্তরে একটি শক্তিশালী মাধ্যম।

বিদ্যালয় পরিচালন সমিতি নির্দেশিকা, 2026 , এই কাঠামোকে আরও শক্তিশালী করে তুলেছে। এস.এম.সি-গুলিকে আরও কার্যকর ও ক্ষমতায়নসম্পন্ন করে তোলার লক্ষ্যেই এই নির্দেশিকাগুলো প্রণয়ন করা হয়েছে। এর অধীনে ভূমিকা ও দায়িত্বগুলি স্পষ্টভাবে সংজ্ঞায়িত করা হয়েছে, অন্তর্ভুক্তিমূলক ও লিঙ্গ-সমতাভিত্তিক প্রতিনিধিত্ব নিশ্চিত করা হয়েছে এবং দক্ষতা বৃদ্ধির ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে, যাতে এস.এম.সি-গুলি বিদ্যালয়ের প্রশাসনিক পরিচালনা এবং শিক্ষার্থীদের উন্নয়নের ক্ষেত্রে অর্থবহ অবদান রাখতে পারেন।

যখন জনসমাজ তাদের স্থানীয় বিদ্যালয়ের দায়িত্ব নিজের কাঁধে তুলে নেয়, তখন তার সুফল সবচেয়ে বেশি পায় শিশুরা। একটি ক্ষমতায়নসম্পন্ন এস.এম.সি অংশীদারিত্ব এবং পারস্পরিক বিশ্বাসের সংস্কৃতি গড়ে তোলে। প্রতিটি শিশুর সাফল্যের প্রতি এই যৌথ অঙ্গীকার একদিকে যেমন এন.ই.পি 2020-র লক্ষ্য পূরণের দিকে এগিয়ে নিয়ে যাবে, অন্যদিকে সবার জন্য মানসম্মত, ন্যায়সঙ্গত ও সামগ্রিক শিক্ষা নিশ্চিত করার পথকেও প্রশস্ত করবে।

জয়ন্ত চৌধুরী

কক্ষ নং - 21042, প্রথম তলা, মাননীয় প্রতিমন্ত্রী ভবন, গেট নং 04, কর্তব্য ভবন-2, নতুন দিল্লি-110001
ই-মেইল: mosedu-jc@gov.in

संजय कुमार, भा.प्र.से
सचिव

Sanjay Kumar, IAS
Secretary

सत्यमेव जयते

स्कूल शिक्षा और साक्षरता विभाग
शिक्षा मंत्रालय
भारत सरकार
Department of School Education & Literacy
Ministry of Education
Government of India

वार्ता

शिक्षा, विशेष करे विद्यालय शिक्षा हलो एकटि सामाजिक ও গোষ্ঠীগত ধারণা এবং **জাতীয় শিক্ষানীতি (এন.ই.পি) 2020** শিক্ষাকে একটি সম্মিলিত সামাজিক দায়িত্ব হিসেবে বিবেচনা করে।এই শিক্ষানীতিতে বিকেন্দ্রীভূত শাসনব্যবস্থা, জনসমাজের সক্রিয় অংশগ্রহণ এবং বিদ্যালয়ের শিক্ষাক্ষেত্রে অভিভাবকদের অংশগ্রহণের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।এন.ই.পি 2020 মনে করে যে, বিদ্যালয়গুলি কেবল তখনই তাদের পূর্ণ ক্ষমতায় কাজ করতে পারে, যখন স্থানীয় মানুষের সঙ্গে তাদের নিবিড় সংযোগ থাকে এবং প্রতিটি শিশুর মানসিক বিকাশ ও উন্নতির লক্ষ্যে সমাজের সকল স্তরের মানুষ সম্মিলিতভাবে অবদান রাখে।

এই প্রেক্ষাপটে, স্থানীয় স্তরে বিদ্যালয়ের প্রশাসনিক কাঠামোকে শক্তিশালী করতে **বিদ্যালয় পরিচালন সমিতি(এস.এম.সি)**-গুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বিদ্যালয় ভিত্তিক একটি সামাজিক প্রতিষ্ঠান হিসেবে এস.এম.সি মূলত অভিভাবক, শিক্ষক এবং স্থানীয় বাসিন্দাদের একত্রে কাজ করার এবং বিদ্যালয়কে সহায়তা করার একটি বিশেষ মঞ্চ প্রদান করে।বিদ্যালয়ের সঠিক পরিকল্পনা গ্রহণ, সম্পদের যথাযথ ব্যবহার, শিক্ষার্থীদের শিখনের মানোন্নয়ন এবং তাদের সামগ্রিক কল্যাণ নিশ্চিত করতে এই কমিটির সক্রিয় অংশগ্রহণ অপরিহার্য। একটি শক্তিশালী ও কার্যকর এস.এম.সি নিশ্চিত করে যে, বিদ্যালয়গুলো যেন অন্তর্ভুক্তিমূলক হয় এবং স্থানীয় চাহিদার প্রতি দায়বদ্ধ ও সংবেদনশীল থাকে।

বিদ্যালয়ের অভ্যন্তরীণ পরিবেশকে সহযোগিতামূলক করে তোলা, সমতা নিশ্চিত করা এবং বিদ্যালয়ের নানা সিদ্ধান্ত গ্রহণে অভিভাবক ও জনসমাজের, বিশেষ করে সুবিধাবঞ্চিত শ্রেণির মানুষের মতামতকে গুরুত্বের সঙ্গে প্রতিফলিত করার ক্ষেত্রে এস.এম.সি অত্যন্ত তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করে। এর পাশাপাশি, বিদ্যালয়ের প্রশাসনিক পরিচালনায় স্বচ্ছতা ও দায়বদ্ধতা বজায় রাখার বিষয়টিও এই কমিটি নিশ্চিত করে।

এই লক্ষ্যকে বাস্তবায়িত করতে এবং বিদ্যালয়ের দক্ষ প্রশাসনিক পরিচালনার উদ্দেশ্যে **বিদ্যালয় পরিচালন সমিতি নির্দেশিকা**, 2026 প্রণয়ন করা হয়েছে। এই নির্দেশিকায় দায়িত্বসমূহ স্পষ্টভাবে সুনির্দিষ্ট করা হয়েছে, তৃণমূল স্তরে শাসনব্যবস্থা সুদৃঢ় করার দিকনির্দেশনা দেওয়া হয়েছে, অংশগ্রহণমূলক বিদ্যালয় উন্নয়ন পরিকল্পনাকে উৎসাহিত করা হয়েছে এবং বিদ্যালয়, পরিবার, স্থানীয় প্রশাসন ও বৃহত্তর জনসমাজের মধ্যে সমন্বয় সাধনের ওপর জোর দেওয়া হয়েছে। এই নির্দেশিকাটি তৈরির সময় সংশ্লিষ্ট সকল পক্ষের মতামত নেওয়া হয়েছে, পাশাপাশি সমগ্র শিক্ষা, পূর্বতন সর্বশিক্ষা অভিযান (এস.এস.এ) ও রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযান (আর.এম.এস.এ)-এর নির্দেশিকা ও নিয়মাবলী বিবেচনা করে তৈরি করা হয়েছে। এটি কার্যকর হওয়ার সঙ্গে সঙ্গে পূর্ববর্তী সকল নির্দেশাবলী বাতিল বলে গণ্য হবে।

'**বিকশিত ভারত @2047**-এর লক্ষ্যে ভারতের এই অগ্রযাত্রায় জন-অংশগ্রহণমূলক প্রতিষ্ঠানগুলোর ক্ষমতায়ন আরও গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। সক্রিয় ও শক্তিশালী এস.এম.সি-র সহায়তায় মানসম্মত বিদ্যালয় শিক্ষা আমাদের ভবিষ্যৎ প্রজন্মকে সচেতন, দক্ষ এবং দায়িত্বশীল নাগরিক হিসেবে গড়ে তুলতে উল্লেখযোগ্য অবদান রাখবে।

আমার দৃঢ় বিশ্বাস যে, এই নির্দেশিকাগুলি রাজ্য এবং বিদ্যালয়গুলিকে কার্যকর ও অংশগ্রহণমূলক এস.এম.সি গঠনে সঠিক পথ দেখাবে। এটি শিক্ষার্থীদের শিখনের মানোন্নয়ন, তাদের সামগ্রিক কল্যাণ এবং এক উন্নত ভারতের দীর্ঘমেয়াদী লক্ষ্য পূরণে তাৎপর্যপূর্ণ অবদান রাখবে।

সঞ্জয় কুমার

কক্ষ নং - 21102, প্রথম তলা, সচিব, DoSEL-এর কার্যালয়, গেট নং 04, কর্তব্য ভবন-2, নতুন দিল্লি-110001
ই-মেইল: secy.sel@nic.in

মুখবন্ধ

সমতাভিত্তিক, অন্তর্ভুক্তিমূলক এবং প্রগতিশীল সমাজ গঠনের মূল ভিত্তি হলো বিদ্যালয় শিক্ষা। বিদ্যালয়ের মান কেবল সরকারি নীতি বা উপলব্ধ সম্পদের ওপর নির্ভর করে না, বরং তা জনসমাজের সক্রিয়, নিরন্তর এবং অর্থবহ অংশগ্রহণের সঙ্গেও গভীরভাবে যুক্ত।এই প্রেক্ষাপটে, শিশুদের শিখন মান ও সামগ্রিক কল্যাণের লক্ষ্যে বিকেন্দ্রীভূত শাসনব্যবস্থা, জন-অংশগ্রহণ এবং যৌথ দায়বদ্ধতার বিষয়টিকে শিক্ষা সংস্কারের ক্ষেত্রে বরাবরই অগ্রাধিকার দেওয়া হয়েছে। তৃণমূল স্তরে এই লক্ষ্য বাস্তবায়নের জন্য একটি প্রধান ও শক্তিশালী প্রাতিষ্ঠানিক মাধ্যম হিসেবে বিদ্যালয় পরিচালন সমিতি (এস. এম.সি) অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

জাতীয় শিক্ষানীতি (এন.ই.পি) 2020-তে বিদ্যালয় শিক্ষার বিকেন্দ্রীভূত শাসনব্যবস্থা এবং অভিভাবক, স্থানীয় জনসমাজ, প্রাক্তন শিক্ষার্থী ও অন্যান্য অংশীজনদের সক্রিয় অংশগ্রহণের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। এই শিক্ষানীতি বিদ্যালয়গুলোকে একটি প্রাণবন্ত শিক্ষাকেন্দ্র হিসেবে বিবেচনা করে, যাদের সঙ্গে স্থানীয় সমাজের নিবিড় সংযোগ রয়েছে। শিখনের মানোন্নয়ন, অন্তর্ভুক্তিমূলক শিক্ষা নিশ্চিত করা এবং বিদ্যালয়ের সার্বিক কার্যকারিতা বৃদ্ধির লক্ষ্যে যৌথ দায়বদ্ধতা, জনসমাজের নিজস্ব মালিকানাবোধ এবং অংশগ্রহণমূলক সিদ্ধান্ত গ্রহণের গুরুত্বের কথা এন.ই.পি 2020 -তে স্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে। যদিও যদিও সমগ্র শিক্ষা (সমগ্র শিক্ষা অভিযান) এবং 'শিশুর বিনামূল্যে ও বাধ্যতামূলক শিক্ষার অধিকার' (আরটিই)আইন,2009-এর অধীনে বিদ্যালয় পরিচালন সমিতি (এস.এম.সি)সংক্রান্ত নানা বিধান আগে থেকেই বিদ্যমান, তবুও বর্তমান শিক্ষাব্যবস্থার প্রেক্ষাপটে এস.এম.সি-র গঠন, কার্যপ্রণালী এবং এর পূর্ণ সম্ভাবনাকে স্পষ্টভাবে সংজ্ঞায়িত করার জন্য একটি সুসংগত, সুসংবদ্ধ এবং আধুনিক জাতীয় কাঠামোর প্রয়োজনীয়তা অনুভূত হয়েছিল। সেই লক্ষ্যেই বিদ্যালয় পরিচালন সমিতির জন্য জাতীয় নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে, যা বিদ্যালয় শিক্ষার প্রতিটি স্তরে কার্যকর একটি সমন্বিত জাতীয় নির্দেশিকা হিসেবে কাজ করবে।

এই নির্দেশিকাগুলি ইতিপূর্বে এই বিষয়ে প্রকাশিত সমস্ত নির্দেশিকাকে বাতিল করে, কার্যকর করা হয়েছে এবং এর মূল লক্ষ্য হলো, বিদ্যালয় পরিচালন সমিতি (এস.এম.সি)-কে অংশগ্রহণমূলক শাসনের এক শক্তিশালী ও সক্রিয় প্ল্যাটফর্ম হিসেবে গড়ে তোলা। এতে এস.এম.সি-র **গঠন, কার্যকাল, নির্বাচন প্রক্রিয়া, সদস্যদের ভূমিকা ও দায়িত্ব, দক্ষতা বৃদ্ধি এবং** কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (সি.এস.আর) তহবিল থেকে সহায়তা পাওয়ার বিষয়ে স্পষ্ট দিকনির্দেশনা দেওয়া হয়েছে।এছাড়াও শিক্ষাগত তত্ত্বাবধান, বিদ্যালয় উন্নয়ন পরিকল্পনা(এস.ডি.পি)-র মাধ্যমে বিদ্যালয় পরিচালনা, আর্থিক ব্যবস্থাপনা, সামাজিক নিরীক্ষা, শিশুদের নিরাপত্তা ও কল্যাণ, অন্তর্ভুক্তিমূলক ও সমতাভিত্তিক শিক্ষা এবং সরকারি বিভিন্ন বিভাগের সঙ্গে সমন্বিতভাবে কাজ করার বিষয়ে এই নির্দেশিকায় বিস্তারিত আলোচনা করা হয়েছে। বিদ্যালয়-ছুট ও বিদ্যালয়ের বাইরে থাকা শিশুদের পুনরায় শিক্ষার মূলধারায় ফিরিয়ে আনা, আর্থ-সামাজিকভাবে পিছিয়ে পড়া শিশুদের সহায়তা করা এবং বুনিয়াদী সাক্ষরতা ও **সংখ্যাজ্ঞান সুদৃঢ় করার ক্ষেত্রে এস.এম.সি-র ভূমিকার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে**।এই সকল সম্মিলিত প্রচেষ্টা শিক্ষার্থীদের কাঙ্ক্ষিত শিখনের মানোন্নয়নে সাহায্য করবে, যা 'বিকশিত ভারত @2047-এর রূপকল্প বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

এই নির্দেশিকাগুলি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলোর জন্য একটি পথনির্দেশক কাঠামো হিসাবে কাজ করবে, যাতে তারা স্থানীয় পরিস্থিতি, প্রয়োজন এবং অগ্রাধিকারের ভিত্তিতে তাদের নিজস্ব নিয়ম, পদ্ধতি ও ব্যবস্থার মধ্যে সমন্বয় ও সামঞ্জস্য স্থাপন করতে পারে। পরিশেষে, এই নির্দেশিকাগুলোর লক্ষ্য হলো জনসমাজকে ক্ষমতায়ন করা, যাতে তারা বিদ্যালয়ের প্রতি যৌথ দায়বদ্ধতা গ্রহণ করতে পারে; যার মাধ্যমে এটি নিশ্চিত করা যায় যে, প্রতিটি শিশু যেন একটি নিরাপদ, অন্তর্ভুক্তিমূলক এবং সহায়ক পরিবেশে মানসম্মত শিক্ষা লাভ করে, নিরন্তর উন্নতি করে এবং সফলভাবে তাদের বিদ্যালয় শিক্ষা সম্পন্ন করতে পারে।

(অর্চনা শর্মা অবস্থী)
অতিরিক্ত সচিব, ডোসেল
শিক্ষা মন্ত্রণালয়

সূচিপত্র

1. ভূমিকা	1
2. বিদ্যালয় পরিচালন সমিতি (এস.এম.সি)	1
2.1 এস.এম.সি সদস্যদের নির্বাচনের নিয়মাবলি	2
2.2 এস.এম.সি-র গঠন	3
2.3 সদস্য-সচিবের ভূমিকা ও দায়িত্ব	3
2.4 কার্যকাল	4
2.5 এস.এম.সি-র অভিভাবক সদস্যদের নির্বাচন প্রক্রিয়া	4
2.6 এস.এম.সি-র উপ-কমিটিসমূহ	5
3. এস.এম.সি-র ভূমিকা ও দায়িত্ব অথবা কার্যাবলি	6
4. বিদ্যালয় উন্নয়ন পরিকল্পনা (এস.ডি.পি)	12
5. সভা ও কার্যপদ্ধতি	14
6. সক্ষমতা বৃদ্ধি ও প্রশিক্ষণ	14
7. আর্থিক ব্যবস্থাপনা ও সামাজিক নিরীক্ষা	15
8. বিভিন্ন মন্ত্রক/দপ্তরের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে রিসোর্সের সদ্ব্যবহার	16
9. এস.এম.সি-গুলির পর্যবেক্ষণ এবং সহায়তা	19
10. উপসংহার	19
পরিশিষ্ট	21

1. ভূমিকা

1.1 গোষ্ঠী সংহতি এবং এতে অংশগ্রহণ হলো এমন একটি প্রক্রিয়া যার মাধ্যমে বিভিন্ন কমিউনিটি তাদের চাহিদা, রিসোর্স, প্রয়োজন এবং সমাধান নিজেরাই চিহ্নিত করে। এতে সবার প্রতিনিধিত্বমূলক অংশগ্রহণ, সুশাসন, দায়বদ্ধতা এবং শান্তিপূর্ণ পরিবর্তনকে উৎসাহ দেওয়া হয়। শিক্ষার ক্ষেত্রে, গোষ্ঠী সংহতি এবং গোষ্ঠীভুক্ত সদস্যদের নিবিড় অংশগ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই পদ্ধতিটি নিচ থেকে উপরের দিকে একটি সম্মিলিত প্রক্রিয়ার বিকাশ ঘটায়, যা সরকারি কর্মসূচিগুলোর কার্যকর পরিকল্পনা, রূপায়ণ, পর্যবেক্ষণ, মূল্যায়ন এবং সেই কর্মসূচিগুলোর প্রতি গোষ্ঠীর মালিকানা বোধ নিশ্চিত করে। সক্রিয় গোষ্ঠী অংশগ্রহণ স্বচ্ছতা, জবাবদিহিতা এবং বিদ্যালয়ের সুষ্ঠু পরিচালনার জন্য গোষ্ঠীর সম্মিলিত জ্ঞানের ব্যবহার নিশ্চিত করে। কার্যকর বিকেন্দ্রীকরণের মাধ্যমে এটি বিদ্যালয়-ভিত্তিক পদক্ষেপগুলোতে গোষ্ঠীর মালিকানা নিশ্চিত করে, শাসন কাঠামোকে শক্তিশালী করে এবং দীর্ঘমেয়াদী শিক্ষাগত উন্নয়নে সহায়তা করে।

1.2 **জাতীয় শিক্ষানীতি (এন.ই.পি), 2020** বিদ্যালয়ে শিক্ষার মানোন্নয়নে স্থানীয় সম্প্রদায়, প্রাক্তন শিক্ষার্থী এবং প্রবীণ নাগরিকদের সক্রিয় অংশগ্রহণের ওপর গুরুত্বারোপ করে। এতে তাঁদের গৃহশিক্ষকতা, সাক্ষরতা অভিযান, মেন্টরিং, শিক্ষাদানে সহায়তা এবং নির্দেশনার মতো বিভিন্ন কাজে স্বেচ্ছাসেবী হিসেবে এগিয়ে আসতে উৎসাহিত করা হয়েছে (অনুচ্ছেদ 3.7)। এন.ই.পি 2020-র নির্দেশনা অনুযায়ী, বিদ্যালয়গুলিকে প্রাণবন্ত কেন্দ্র হিসেবে গড়ে তোলা উচিত যেখানে শিক্ষা এবং সমাজ মিলেমিশে একাকার হবে। যখন অভিভাবক, শিক্ষক এবং স্থানীয় মানুষ বিদ্যালয়ের কার্যক্রমে অংশ নেন, তখন তাঁরা যত্নশীল, অন্তর্ভুক্তিমূলক এবং গর্বের পরিবেশ তৈরি করতে সহায়তা করেন। প্রতিটি বিদ্যালয় এমন এক স্থান হয়ে উঠতে পারে যা কেবল শিশুদের শিক্ষাই দেয় না, বরং পুরো সমাজকে একত্রিত করে।

1.3 **সমগ্র শিক্ষা 2.0** কাঠামোতে (যা 12অক্টোবর, 2022 তারিখে প্রকাশিত) 'ত্রয়োদশ অধ্যায়: গোষ্ঠী সংহতি' অংশে বিদ্যালয় পরিচালনা কমিটি (এস.এম.সি)-র গঠন, কার্যপদ্ধতি ইত্যাদির বিস্তারিত বিবরণ দেওয়া হয়েছে। এটি হলো তৃণমূল স্তরের একটি কমিটি যা সমগ্র শিক্ষা অভিযান এবং বিদ্যালয় শিক্ষা দপ্তরের অন্যান্য উদ্যোগ রূপায়ণে সক্রিয় ভূমিকা পালন করে।

1.4 **শিশুদের বিনামূল্যে ও বাধ্যতামূলক শিক্ষার অধিকার (আর.টি.ই) আইন, 2009-এর** চতুর্থ অধ্যায়: বিদ্যালয় ও শিক্ষকদের দায়িত্বের **ধারা (21)-এ** বিদ্যালয়ে এস.এম.সি-র গঠন ও কার্যাবলি সম্পর্কে বিস্তারিত বলা হয়েছে।

2. বিদ্যালয় পরিচালনা কমিটি (এস.এম.সি)

বিদ্যালয় শিক্ষায় জনসমাজের অংশগ্রহণ শক্তিশালী করতে এন.ই.পি 2020, সমগ্র শিক্ষা অভিযান এবং আর.টি.ই আইন, 2009 বিকেন্দ্রীভূত শাসনের একটি গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে এস.এম.সি গঠনের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেছে। এস.এম.সি হলো কমিউনিটি অংশগ্রহণের একটি প্রধান মাধ্যম। এর মাধ্যমে বিদ্যালয়ের পরিচালনা আরও শক্তিশালী হয় এবং স্থানীয় মানুষরা বিদ্যালয়ের উন্নয়নে সক্রিয়ভাবে অংশ নিতে পারেন। **এন.ই.পি 2020, সমগ্র শিক্ষা অভিযান, আর.টি.ই আইন, 2009 এবং সর্বশিক্ষা অভিযান (এস.এস.এ) ও রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযান (আর.এম.এস.এ) ইত্যাদিতে শিক্ষা মন্ত্রকের (তৎকালীন মানব সম্পদ উন্নয়ন মন্ত্রক বা এম.এইচ.আর.ডি) পূর্ববর্তী নির্দেশিকাগুলির বিধানসমূহ বিবেচনা করে, এস.এম.সি সংক্রান্ত নিম্নলিখিত নির্দেশিকাগুলি জারি করা হচ্ছে। এই নির্দেশিকাগুলি পূর্ববর্তী**

সকল নির্দেশিকা ও নির্দেশাবলিকে অধিক্রমণ করবে।

এই নির্দেশিকাগুলি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির জন্য একটি আদর্শ রূপরেখা হিসেবে কাজ করবে, যা বিদ্যালয়-স্তরের শাসন ব্যবস্থাকে শক্তিশালী করতে এবং অন্তর্ভুক্তিমূলক, অংশগ্রহণমূলক ও দায়বদ্ধ শিক্ষার জাতীয় দৃষ্টিভঙ্গির সাথে স্থানীয় নিয়ম ও পদ্ধতিগুলির সমন্বয় ঘটাতে সাহায্য করবে।

- প্রতিটি বিদ্যালয়ে একটি এস.এম.সি গঠন করা উচিত, **শিক্ষাবর্ষ শুরু হওয়ার** এক মাসের মধ্যে।
- **রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে বিদ্যালয় পরিচালনা উন্নয়ন কমিটির (এস.এম.ডি.সি) পরিবর্তে মাধ্যমিক বিদ্যালয়সহ (গ্রেড 12 পর্যন্ত) প্রতিটি বিদ্যালয়ে এস.এম.সি রাখার পরামর্শ দেওয়া হয়েছে।**
- এতে সরকারি আধিকারিক, শিক্ষার্থীদের অভিভাবক, স্থানীয় কর্তৃপক্ষের প্রতিনিধি,[1] শিক্ষাবিদ, বিষয় বিশেষজ্ঞ, বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী এবং অনগ্রসর গোষ্ঠীর প্রতিনিধিরা অন্তর্ভুক্ত থাকবেন।
- কমিটির সদস্য সংখ্যা শিক্ষার্থীদের ভর্তির সংখ্যার ওপর ভিত্তি করে নির্ধারিত হতে পারে:

নথিভুক্তির পরিসীমা	সদস্যদের আনুমানিক সংখ্যা
সর্বোচ্চ 100 জন শিক্ষার্থী	12 – 15 জন সদস্য
100 – 500 জন শিক্ষার্থী	15 – 20 জন সদস্য
500 জনের বেশি শিক্ষার্থী	20 – 25 জন সদস্য

2.1 এস.এম.সি সদস্যদের নির্বাচনের নিয়মাবলী

i. **এস.এম.সি-র মোট সদস্য সংখ্যার পঁচাত্তর শতাংশ (75%)** শিশুদের পিতামাতা বা অভিভাবকদের মধ্য থেকে মনোনীত করতে হবে।

ii. অবশিষ্ট **পঁচিশ শতাংশ (25%)** সদস্য নিম্নলিখিত ব্যক্তিদের মধ্য থেকে মনোনীত হবেন:

(a) স্থানীয় কর্তৃপক্ষের নির্বাচিত সদস্যদের মধ্য থেকে এক-তৃতীয়াংশ (1/3) সদস্য, যা স্থানীয় কর্তৃপক্ষ দ্বারা নির্ধারিত হবে;

(b) বিদ্যালয়ের শিক্ষকদের মধ্য থেকে এক-তৃতীয়াংশ (1/3) সদস্য, যা বিদ্যালয়ের শিক্ষকদের দ্বারা নির্ধারিত হবে;

(c) অবশিষ্ট এক-তৃতীয়াংশ (1/3) সদস্য স্থানীয় শিক্ষাবিদ, বিষয় বিশেষজ্ঞ, প্রবীণ শিক্ষার্থী, বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী এবং বিদ্যালয়ের সংলগ্ন এলাকায় কর্মরত প্রথম সারির সামাজিক কর্মীদের (যেমন অঙ্গনওয়াড়ি কর্মী বা এ.ডব্লিউ.ডব্লিউ, স্বীকৃত সামাজিক স্বাস্থ্যকর্মী বা এ.এস.এইচ.এ এবং অক্সিলিয়ারি নার্স মিডওয়াইফ বা এ.এন.এম) মধ্য থেকে নির্বাচিত হবেন। এই সদস্যদের কমিটির অভিভাবক প্রতিনিধিরা নির্বাচন করবেন।

[1] "স্থানীয় কর্তৃপক্ষ" বলতে মিউনিসিপ্যাল কর্পোরেশন বা মিউনিসিপ্যাল কাউন্সিল বা জেলা পরিষদ বা নগর পঞ্চায়েত বা পঞ্চায়েতকে বোঝায়, তা যে নামেই অভিহিত হোক না কেন; এবং এর অন্তর্ভুক্ত হবে অন্য এমন কোনো কর্তৃপক্ষ বা সংস্থা যার বিদ্যালয়ের ওপর প্রশাসনিক নিয়ন্ত্রণ রয়েছে অথবা কোনো শহর, নগর বা গ্রামে স্থানীয় কর্তৃপক্ষ হিসেবে কাজ করার জন্য বর্তমানে বলবৎ কোনো আইনের দ্বারা বা অধীনে ক্ষমতাপ্রাপ্ত।

দ্রষ্টব্য:

- **এস.এম.সি-র সদস্য সংখ্যার পঞ্চাশ শতাংশ (50%)** অবশ্যই মহিলা হতে হবে।
- সামাজিক ও অর্থনৈতিকভাবে অনগ্রসর গোষ্ঠী (এস.ই.ডি.জি), যেমন— তফশিলি জাতি (এসসি), তফশিলি উপজাতি (এসটি), অন্যান্য অনগ্রসর শ্রেণি (ওবিসি) প্রভৃতি এবং বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের (সি.ডব্লিউ.এস.এন) **পিতামাতা বা অভিভাবকদের আনুপাতিক প্রতিনিধিত্ব প্রদান করা হবে**।

2.2 এস.এম.সি-র গঠন

প্রতিটি এস.এম.সি নিম্নলিখিত সদস্যদের নিয়ে গঠিত হবে:

1.	পিতামাতা/অভিভাবকদের মধ্য থেকে নির্বাচিত সদস্য	সভাপতি
2.	পিতামাতা/অভিভাবকদের মধ্য থেকে নির্বাচিত সদস্য	সহ-সভাপতি
3.	বিদ্যালয়ে অধ্যয়নরত সকল শ্রেণির শিশুদের পিতামাতা/অভিভাবক	সদস্য
4.	স্থানীয় কর্তৃপক্ষের নির্বাচিত সদস্যবৃন্দ	সদস্য
5.	বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ	সদস্য
6.	স্থানীয় শিক্ষাবিদ/বিষয় বিশেষজ্ঞ/ শিক্ষাবিদ/ প্রবীণ শিক্ষার্থী/প্রাক্তন শিক্ষার্থী/এ.ডব্লিউ.ডব্লিউ/আশা/এ.এন.এম	সদস্য
7.	অধ্যক্ষ/প্রধান শিক্ষক/বিদ্যালয় ইন-চার্জ	সদস্য-সচিব

2.3 সদস্য-সচিবের ভূমিকা এবং পালনীয় দায়িত্বসমূহ

সদস্য-সচিবের দায়িত্বগুলি নিচে দেওয়া হলো:

i. শিক্ষাবর্ষ শুরু হওয়ার এক মাসের মধ্যে **এস.এম.সি-র গঠন** নিশ্চিত করা।

ii. বিদ্যালয়ে অধ্যয়নরত শিশুদের পিতামাতা/অভিভাবকদের মধ্য থেকে নির্বাচনের মাধ্যমে সদস্য মনোনয়নের জন্য সময়মতো **বার্ষিক সাধারণ মিটিং** আয়োজন করা। (এটি নিশ্চিত করতে হবে যে নির্বাচনের সময় যেন 50% পিতামাতা/অভিভাবক উপস্থিত থাকেন)

iii. নবগঠিত এস.এম.সি সদস্যদের পূর্ণাঙ্গ বিবরণ, এটি গঠন হওয়ার এক সপ্তাহের মধ্যে বিদ্যালয় ভবনের গুরুত্বপূর্ণ স্থানে প্রদর্শন করা। পিতামাতা/সদস্যদের বিবরণের মধ্যে নাম, পদবি, কন্টাক্ট নম্বর, ইমেল আইডি ইত্যাদি অন্তর্ভুক্ত থাকতে হবে। পিতামাতা/অভিভাবকের ক্ষেত্রে, তাদের নামের সাথে শিশুর নাম এবং তার শ্রেণীর উল্লেখ থাকাও প্রয়োজন।

iv. এস.এম.সি মিটিং অন্তত **মাসে একবার**পরিচালনা করা।

v. মিটিংয়ের সময় এস.এম.সি-র কোরাম (নূন্যতম 50%) নিশ্চিত করা।

vi. এস.এম.সি মিটিংয়ে আলোচনার জন্য **আলোচ্যসূচি** প্রস্তুত করা।

vii. এস.এম.সি-র বিশদ বিবরণ, মিটিংয়ের নোটিশ সংক্রান্ত তথ্য, মিটিংয়ে উপস্থিত সদস্য, আলোচ্যসূচি এবং মিটিংয়ের কার্যবিবরণী ইত্যাদি নথিভুক্ত করার জন্য নিয়ম অনুযায়ী একটি রেজিস্টার রক্ষণাবেক্ষণ করা।

viii. মিটিংয়ের কার্যবিবরণী **ও সিদ্ধান্তসমূহ** সঠিকভাবে নথিবদ্ধ করা এবং কমিটির সকল সদস্য ও সাধারণ জনগণের জন্য তা উপলব্ধ করা।

ix. এস.এম.সি গঠনের এক মাসের মধ্যে **এস.এম.সি সদস্যদের সক্ষমতা বৃদ্ধির প্রশিক্ষণ** নিশ্চিত করা। এ ছাড়া, প্রয়োজন অনুযায়ী নির্দিষ্ট সময় অন্তর এস.এম.সি সদস্যদের জন্য প্রশিক্ষণ বা কর্মশালার আয়োজন করা যেতে পারে।

x. বিদ্যালয়ের গুরুত্বপূর্ণ স্থানে শিক্ষার জন্য সমন্বিত জেলা তথ্য ব্যবস্থা প্লাস (ইউ.ডি.আই.এস.ই+) পোর্টালের **বিদ্যালয়ের রিপোর্ট কার্ডটি** প্রদর্শন করা এবং প্রথম মিটিংয়েই তা এস.এম.সি সদস্যদের কাছে সহজলভ্য করা।

xi. এস.এম.সি-র মিটিং, গঠন, অভিভাবক বা অভিভাবকদের মধ্য থেকে সদস্য নির্বাচনের প্রক্রিয়া, মনোনীত সদস্যদের অন্তর্ভুক্তি ইত্যাদি বিষয়ে জেলা বা ব্লক পর্যায়ের আধিকারিকদের দেওয়া নির্দেশিকা বা আদেশের যথাযথ পালন নিশ্চিত করা।

xii. বিদ্যালয়ের প্রধান শিক্ষক, জেলা শিক্ষা আধিকারিক বা উচ্চতর কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন করা।

2.4 কার্যকাল

এস.এম.সি-র সদস্যদের পদের মেয়াদ হবে দুই বছর। নতুন কমিটি পুনর্গঠিত না হওয়া পর্যন্ত বর্তমান এস.এম.সি দুই বছরের মেয়াদের পরেও কাজ চালিয়ে যেতে পারে। এস.এম.সি-র কার্যকলাপে যাতে কোনো ছেদ না পড়ে, সেজন্য বর্তমান কমিটির মেয়াদ শেষ হওয়ার আগেই নতুন কমিটি গঠনের প্রক্রিয়া শুরু করা বাঞ্ছনীয়। **একজন সদস্য পরবর্তী মেয়াদের জন্য পুনরায় মনোনীত হতে পারেন, তবে সদস্য-সচিব ব্যতীত কোনো সদস্যই টানা দুই মেয়াদের বেশি পদে থাকতে পারবেন না।**

i. নিম্নলিখিত পরিস্থিতিতে এস.এম.সি সদস্যদের পদের মেয়াদ সমাপ্ত হবে:

(a) যদি সংশ্লিষ্ট অভিভাবকের সন্তান বিদ্যালয় ত্যাগ করে।

(b) ফৌজদারি অপরাধে বা অন্য কোনো কারণে কোনো সদস্যের আটক বা দণ্ডপ্রাপ্ত হওয়া।

(c) সদস্যের সংশ্লিষ্ট ব্লক বা জেলা থেকে অন্য স্থানে স্থানান্তরণ।

(d) সদস্যের আকস্মিক মৃত্যু।

(e) যদি কোনো সদস্য কোনো প্রকার তথ্য না দিয়ে টানা চারটি মিটিংয়ে অনুপস্থিত থাকেন।

ii. পয়েন্ট (I)-এ উল্লিখিত যেকোনো কারণে তৈরি হওয়া কোনো আকস্মিক শূন্যপদ, বাস্তবায়নকারী কর্তৃপক্ষ বা রাজ্য সরকার কর্তৃক নির্ধারিত পদ্ধতি অনুযায়ী পূরণ করা হবে।

2.5 এস.এম.সি-র অভিভাবক সদস্যদের নির্বাচন প্রক্রিয়া

এস.এম.সি-র অভিভাবক বা আইনি অভিভাবক সদস্যদের নির্বাচন একটি গণতান্ত্রিক, স্বচ্ছ এবং অন্তর্ভুক্তিমূলক পদ্ধতিতে পরিচালিত হবে, যাতে বিদ্যালয় পরিচালনায় সম্প্রদায়ের অর্থবহ অংশগ্রহণ নিশ্চিত করা যায়। রাজ্য বা কেন্দ্রশাসিত অঞ্চলগুলি তাদের নিজস্ব নিয়ম বা আদেশ অনুযায়ী এস.এম.সি সদস্যদের নির্বাচন এবং মনোনয়নের জন্য বিস্তারিত পদ্ধতি নির্ধারণ করতে

পারে। নিচে বর্ণিত নির্বাচন পদ্ধতিটি একটি নির্দেশক মাত্র:

i. শিক্ষাবর্ষের শুরুতে, সংশ্লিষ্ট রাজ্য বা কেন্দ্রশাসিত অঞ্চল কর্তৃক নির্ধারিত নিয়ম অনুযায়ী নির্বাচনের সময়সূচী এবং প্রক্রিয়া স্পষ্টভাবে উল্লেখ করে ভর্তি হওয়া সমস্ত শিশুদের পিতামাতা ও অভিভাবকদের উদ্দেশ্যে একটি বিজ্ঞপ্তি জারির মাধ্যমে বিদ্যালয় প্রধান নির্বাচনের প্রক্রিয়া শুরু করবেন।

ii. প্রতিটি নথিভুক্ত শিশুর (ভর্তি ফর্মে যাঁর নাম ইতিমধ্যে নিবন্ধিত হয়েছে) কেবল একজন অভিভাবকই নির্বাচনে অংশগ্রহণের যোগ্য বলে বিবেচিত হবেন।

iii. অভিভাবকরা বিদ্যালয় সম্প্রদায়ের মধ্যে থেকে নিজেদের বা অন্যান্য যোগ্য ও ইচ্ছুক অভিভাবকদের মনোনীত করতে পারেন। এস.ই.ডি.জি এবং বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের (সি.ডাব্লিউ.এস.এন) অভিভাবকদের পর্যাপ্ত প্রতিনিধিত্ব, যার মধ্যে 50% মহিলা এবং বিদ্যালয়ের সমস্ত ক্লাসের প্রতিনিধিত্ব থাকতে হবে, তা নিশ্চিত করা উচিত।

iv. যদি প্রার্থীর সংখ্যা নির্ধারিত আসনের চেয়ে বেশি হয়, তবে হাত তুলে বা মৌখিক ভোটের মাধ্যমে নির্বাচন পরিচালিত হবে; তবে কোনো বিরোধ বা অমীমাংসিত বিতর্কের ক্ষেত্রে স্বচ্ছতা নিশ্চিত করতে গোপন ব্যালটের মাধ্যমে ভোটদান পদ্ধতি অবলম্বন করা যেতে পারে।

v. ভোটদানের সময় নথিভুক্ত শিশুদের অভিভাবকদের অন্তত 50% উপস্থিত থাকা আবশ্যিক (কোরাম)।

vi. নিরপেক্ষতা ও স্বচ্ছতা বজায় রাখার জন্য নির্বাচন প্রক্রিয়াটি একজন মনোনীত শিক্ষা আধিকারিক বা অনুমোদিত প্রতিনিধির তত্ত্বাবধানে পরিচালিত হতে পারে।

vii. প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর, নির্বাচিত সমস্ত অভিভাবক সদস্যের নাম শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক আনুষ্ঠানিকভাবে নথিবদ্ধ করা হবে।

এস.এম.সি গঠনের পর, নবগঠিত কমিটির প্রথম মিটিং পরবর্তী কার্যদিবসে অথবা সর্বোচ্চ এক সপ্তাহের মধ্যে অনুষ্ঠিত হতে পারে। প্রথম মিটিংয়েই কমিটির সভাপতি ও সহ-সভাপতি নির্বাচিত হবেন।

2.6 এস.এম.সি-র উপ-কমিটিসমূহ

এস.এম.সি-র কার্যকর পরিচালনার জন্য সভাপতি, সহ সভাপতি এবং সদস্য সচিব তাদের প্রয়োজন অনুযায়ী সদস্যদের মধ্য থেকে উপ-কমিটি গঠন করতে পারেন। এস.এম.সি-কে সহায়তা করার জন্য দুটি উপ-কমিটি নিম্নরূপ হতে পারে:

(a) **বিদ্যালয় ভবন কমিটি:** বিদ্যালয় ভবন কমিটি বিদ্যালয়ের পরিকাঠামো নির্মাণ, সংস্কার, মেরামত এবং রক্ষণাবেক্ষণ সংক্রান্ত পরিকল্পনা, প্রাক্কলন, ব্যবস্থাপনা, তদারকি, তত্ত্বাবধান, প্রতিবেদন তৈরি এবং হিসাব রক্ষণাবেক্ষণের দায়িত্বে থাকতে পারে। এই কমিটি নিরাপত্তা, শিশুবান্ধব ও লিঙ্গ-সংবেদনশীল সুযোগ-সুবিধা, সার্বজনীন প্রবেশাধিকার এবং নির্ধারিত আর্থিক ও প্রযুক্তিগত মান নিশ্চিত করার পাশাপাশি সমস্ত নির্মাণ কাজ সময়মতো সম্পন্ন করার জন্য সজাগ তদারকি নিশ্চিত করবে, যাতে একটি নিরাপদ, অন্তর্ভুক্তিমূলক এবং শিক্ষার্থী-বান্ধব পরিবেশ তৈরি করা যায়।

(b) **শিক্ষা বিষয়ক কমিটি:** শিক্ষা বিষয়ক কমিটি পরিকল্পনা, ব্যবস্থাপনা, তদারকি, তত্ত্বাবধান, প্রতিবেদন তৈরি এবং ইউ.ডি.আই.এস.ই+ এর তথ্য সংগ্রহ সহ সমস্ত শিক্ষামূলক কার্যক্রমের জন্য দায়ী থাকতে পারে। এটি আর্থ-সামাজিক, লিঙ্গ এবং প্রতিবন্ধকতা সংক্রান্ত বাধাগুলি দূর করার মাধ্যমে শিক্ষার মান ও সমতার ধারাবাহিক উন্নতি নিশ্চিত করবে; শিক্ষক ও শিক্ষার্থীদের উপস্থিতির উপর নজর রাখবে; নির্দেশিকা ও পরামর্শ দানে সহায়তা করবে; শিক্ষার্থীদের কৃতিত্বের খোঁজ রাখবে; সমৃদ্ধিমূলক ও বিকাশমূলক শিখন কার্যক্রম মেনে চলতে উৎসাহিত করবে; এবং শিক্ষার্থী ও শিক্ষকদের সামগ্রিক শিক্ষাগত, সামাজিক ও ব্যক্তিত্বের বিকাশ ঘটাবে। এই দায়িত্বগুলি পালনের মাধ্যমে কমিটি শিক্ষার্থীদের কৃতিত্ব এবং বিদ্যালয়ের সামগ্রিক শিক্ষা ব্যবস্থার প্রধান অভিভাবক হিসেবে কাজ করে।

3. এস.এম.সি-র ভূমিকা এবং দায়িত্ব বা কার্যাবলি

এস.এম.সি কার্যকর বিদ্যালয় শাসন নিশ্চিত করতে এবং শিক্ষার মান বৃদ্ধিতে **এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে**। এর প্রাথমিক কার্যাবলীর মধ্যে রয়েছে বিদ্যালয়ের সামগ্রিক কাজকর্ম পর্যবেক্ষণ করা এবং সমগ্র শিক্ষা, পি.এম. শ্রী এবং পি.এম. পোষণ সহ বিভিন্ন শিক্ষামূলক প্রকল্পের সময়োপযোগী ও কার্যকর বাস্তবায়ন তদারকি করা। কাঠামোগত ঘাটতি চিহ্নিত করা, বিদ্যমান সুযোগ-সুবিধাগুলি সমীক্ষা করা এবং বিদ্যালয়ের সুনির্দিষ্ট প্রয়োজনগুলি পূরণ করার মাধ্যমে একটি ব্যাপক বিদ্যালয় উন্নয়ন পরিকল্পনার (এস.ডি.পি) তৈরি ও সুপারিশ করার দায়িত্ব এস.এম. সি-র ওপর বর্তায়। বিদ্যালয়ের কাঠামো উন্নত করার জন্য সি.এস.আর থেকে অনুদান বা অবদান সংগ্রহ করার দায়িত্বও এস.এম. সি পালন করবে। এটি সংশ্লিষ্ট সরকার, স্থানীয় কর্তৃপক্ষ বা অন্যান্য উৎস থেকে প্রাপ্ত অনুদানের যথাযথ ব্যবহার পর্যবেক্ষণ করবে এবং বিদ্যালয় ও সম্প্রদায়ের মধ্যে সংযোগ দৃঢ় করতে অভিভাবক ও সামাজিক অংশগ্রহণকে উৎসাহিত করবে। বিদ্যালয়ের প্রয়োজনগুলি চিহ্নিত করে এবং কার্যকর পরিকল্পনা তৈরির মাধ্যমে এস.এম. সি বিদ্যালয়, সম্প্রদায় ও স্থানীয় কর্তৃপক্ষের মধ্যে সমন্বয় সাধন করে, যা একটি অন্তর্ভুক্তিমূলক, নিরাপদ এবং সুপরিকল্পিত শিক্ষার পরিবেশ তৈরি করতে সাহায্য করে। সেই অনুযায়ী, এস.এম.সি সদস্যদের প্রধান ভূমিকা ও দায়িত্বের ক্ষেত্রগুলি হতে পারে নিম্নরূপ:

i. **সকল শিশুর জন্য ভর্তি, বিদ্যালয়ে ধরে রাখা এবং অন্তর্ভুক্তিমূলক শিক্ষার সুযোগ নিশ্চিত করা:** এস.এম.সি সদস্যদের উচিত সকল শিশুর ভর্তি এবং নিয়মিত উপস্থিতি নিশ্চিত করা, বিশেষ করে যারা এস.ই.ডি.জি এবং সি.ডব্লিউ.এস.এন-এর অন্তর্ভুক্ত। এটিও নিশ্চিত করতে হবে যে কোনো শিশু যেন বিদ্যালয় শিক্ষা গ্রহণ ও সমাপ্ত করার ক্ষেত্রে কোনো বৈষম্য বা বাধার সম্মুখীন না হয়। বিদ্যালয়ে কোনো শিশুর সাথে যাতে

কোনো প্রকার হয়রানি বা নির্যাতনের ঘটনা না ঘটে, সে বিষয়েও এস.এম.সি-কে বিদ্যালয়কে সহায়তা করতে হবে। এই ধরনের যে কোনো ঘটনার কথা অবিলম্বে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানাতে হবে। এস.এম.সি-র উচিত প্রশস্ত (PRASHAST) অ্যাপ এবং অন্যান্য পদ্ধতি ব্যবহার করে বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের (সি.ডব্লিউ.এস.এন) শনাক্ত করতে বিদ্যালয়কে সহায়তা করা এবং সমস্ত কর্মকাণ্ডে তাদের অন্তর্ভুক্তি নিশ্চিত করা।

ii. **ড্রপ-আউট এবং বিদ্যালয়-বহির্ভূত শিশুদের (ও.ও.এস.সি) মূলধারায় ফিরিয়ে আনার জন্য ভর্তি অভিযান:** বিদ্যালয়ের নথিপত্র এবং কমিউনিটি ডেটাবেসের ওপর ভিত্তি করে, এস.এম.সি সদস্যদের উচিত বিদ্যালয়-বহির্ভূত এবং ড্রপ-আউট শিশুদের শনাক্ত করতে সহায়তা করা এবং তাদের বয়স-উপযোগী শ্রেণিতে অন্তর্ভুক্ত করার জন্য বিদ্যালয়ের কর্মীদের সঙ্গে সম্মিলিত প্রচেষ্টা চালানো। এটি সহজতর করতে, ঘরোয়া প্রচার অভিযান, অভিভাবক ও শিশুদের কাউন্সেলিং, স্থানীয় সংবাদমাধ্যম, কমিউনিটি রেডিও, গ্রাম সভা এবং অন্যান্য সামাজিক প্ল্যাটফর্মের মাধ্যমে বিনামূল্যে ও বাধ্যতামূলক বিদ্যালয় শিক্ষার বিধানগুলি ব্যাপকভাবে প্রচার করা যেতে পারে। প্রতিটি শিশুর বিদ্যালয় শিক্ষা গ্রহণ ও সম্পন্ন করা নিশ্চিত করতে সম্ভাব্য সবরকম প্রচেষ্টা করা উচিত। এস.এম.সি বিদ্যালয়-বহির্ভূত শিশুদের ডেটাবেস এবং প্রাক-প্রাথমিক (বালবাটিকা/অঙ্গনওয়াড়ি) থেকে প্রথম শ্রেণি, বুনিয়াদি থেকে প্রস্তুতিমূলক (দ্বিতীয় থেকে তৃতীয় শ্রেণি), প্রস্তুতিমূলক থেকে মধ্য (পঞ্চম থেকে ষষ্ঠ শ্রেণি) এবং মধ্য থেকে মাধ্যমিক স্তরে (অষ্টম থেকে নবম শ্রেণি) উত্তীর্ণ হওয়া শিশুদের তথ্য আপডেট করতে সহায়তা করতে পারে।

iii. **শিক্ষার্থীদের প্রাপ্য সুবিধাসমূহ সময়মতো বিতরণ নিশ্চিত করা:** এস.এম.সি সদস্যদের উচিত যোগ্য শিক্ষার্থীদের কাছে বিনামূল্যে পাঠ্যপুস্তক, বিদ্যালয়ের ইউনিফর্ম, বৃত্তি, উপবৃত্তি এবং এই জাতীয় অন্যান্য সুযোগ-সুবিধাগুলি সময়মতো পৌঁছে দেওয়া নিশ্চিত করা।

iv. **অভিভাবক-শিক্ষক মিটিং (পি.টি.এম)-এ সহযোগিতা:** শিক্ষার্থীদের শিক্ষাগত এবং অন্যান্য কার্যাবলি যেমন খেলাধুলা, শারীরিক সুস্থতা, স্বাস্থ্য, কলা, আচার-আচরণ ইত্যাদি ক্ষেত্রে তাদের পারফরম্যান্স বা ফলাফল ভাগ করে নেওয়ার জন্য নিয়মিত পি.টি.এম আয়োজন ও পরিচালনায় এস.এম.সি পূর্ণ সহযোগিতা করতে পারে। পি.টি.এম হলো শিশুদের শিক্ষামূলক যাত্রায় অভিভাবক/অভিভাবকদের অন্তর্ভুক্ত করার একটি কার্যকর উপায়।

v. **শৈক্ষিক পরিকল্পনা এবং সহায়তা:** এস.এম.সি সদস্যদের নিশ্চিত করা উচিত যেন বিদ্যালয়গুলি সমগ্র শিক্ষা অভিযান এবং এন.ই.পি 2020-এর অধীনে নির্ধারিত নিয়ম ও মানগুলি অনুসরণ করে। শিক্ষকরা নিয়মিত বিদ্যালয়ে উপস্থিত হচ্ছেন কি না, সময়মতো পাঠ্যক্রম শেষ করছেন কি না এবং শিশুদের অগ্রগতির তথ্য ভাগ করে নিতে অভিভাবকদের সঙ্গে দেখা করছেন কি না, তা তাদের তদারকি করা উচিত। শিক্ষক সংকট দূর করতে এবং শিক্ষকদের মূলত শিক্ষামূলক কাজে নিয়োজিত রাখতে কমিটি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সহায়তা করতে পারে।

এস.এম.সি-র উচিত বিদ্যালয়ের ক্যালেন্ডার প্রস্তুত করা, শ্রেণিকক্ষের কার্যাবলি পর্যবেক্ষণ করা এবং পড়াশুনার ক্ষেত্রে ঘাটতি চিহ্নিত করার ক্ষেত্রে শিক্ষকদের সহায়তা

করা, যাতে পঠন-পাঠন প্রক্রিয়া আরও সুদৃঢ় হয় এবং শিক্ষার্থীদের শিখনের ফলাফল (এল.ও) উন্নত হয়। কোনো শিক্ষকের ঘনঘন অনুপস্থিতির বিষয়টিএস.এম.সি-র উচিত সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানানো, যাতে শিখনের ধারাবাহিকতা ব্যাহত না হয়। পড়াশোনাকে আরও আকর্ষণীয়, প্রাসঙ্গিক এবং সম্প্রদায়ের সাথে যুক্ত করতে এবং ব্যাগবিহীন দিনগুলোকে সমৃদ্ধ করতে এস.এম.সি-র যা করা উচিত:

- **অভিজ্ঞতামূলক শিক্ষার প্রসারের জন্য বিজ্ঞান মেলা, ঐতিহ্য পদযাত্রা বা পরিবেশ সচেতনতা অভিযানের মতো** বিভিন্ন গোষ্ঠী-ভিত্তিক শিক্ষা অনুষ্ঠানের আয়োজনে সহায়তা করা।
- **জল সংরক্ষণ, বর্জ্য ব্যবস্থাপনা বা স্থায়ী কৃষির মতো সামাজিক সমস্যাগুলোর ওপর ভিত্তি করে** প্রকল্প-ভিত্তিক শিক্ষার প্রসারে সহায়তা করা, যা শ্রেণিকক্ষের জ্ঞানকে বাস্তব জীবনের চ্যালেঞ্জের সঙ্গে যুক্ত করবে।
- **এন.ই.পি 2020-এর নির্দেশিকা অনুযায়ী দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় ব্যবসা ও শিল্পের চাহিদার সাথে সামঞ্জস্য রেখে** প্রাসঙ্গিক দক্ষতা অর্জনে উৎসাহ দেওয়া এবং ইন্টার্নশিপ বা শিক্ষানবিশ কর্মসূচির ব্যবস্থা করা।

vi. **প্রারম্ভিক সাক্ষরতা ও সংখ্যাজ্ঞান (এফ.এল.এন) লক্ষ্যমাত্রা অর্জনে সহায়তা:** এস.এম.সি নিপুন ভারত মিশনের অধীনে এফ.এল.এন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সম্প্রদায় এবং অভিভাবকদের অংশগ্রহণকে আরও উৎসাহিত করবে।[2], প্রাথমিক স্তরে শিশুর মাতৃভাষা ব্যবহারে উৎসাহিত করা, স্থানীয় ভাষার রিডিং কর্নার তৈরি, গল্প বলার আসর এবং অভিভাবকদের দ্বারা পরিচালিত রিডিং ক্লাব গঠনে সহায়তা করার মাধ্যমে প্রতিটি বিদ্যালয়ে মানসম্মত শিক্ষার জন্য সম্মিলিত দায়বদ্ধতা বৃদ্ধি করবে। এস.এম.সি শিক্ষক এবং সম্প্রদায়ের স্বেচ্ছাসেবকদের মাধ্যমে বহুভাষিক শিখন-শিক্ষণ সামগ্রী তৈরিতেও সহায়তা করতে পারে... এস.এম.সি-র উচিত একটি নির্দিষ্ট সময়ের মধ্যে বিদ্যালয়টিকে 'নিপুন' হিসেবে গড়ে তোলার প্রচেষ্টাকে সমর্থন করা, যাতে সমস্ত শিক্ষার্থী গ্রেড-উপযোগী এফ.এল.এন দক্ষতা অর্জন করতে পারে। প্রারম্ভিক সাক্ষরতা ও সংখ্যাজ্ঞানে শিক্ষার্থীদের অগ্রগতি মূল্যায়ন, শক্তিশালীকরণ এবং উদযাপন করার জন্য স্থানীয় যুব স্বেচ্ছাসেবকরা শিক্ষকদের সহযোগিতায় পর্যায়ক্রমে গোষ্ঠীবদ্ধভাবে শেখার উৎযাপন, পঠন অভিযান বা অনুরূপ উদ্যোগ আয়োজন করতে পারেন। এস.এম.সি-র উচিত অঙ্গনওয়াড়ি কর্মী এবং প্রাথমিক শিক্ষকদের মধ্যে যৌথ পরিকল্পনা ও কার্যক্রমের প্রচার করা যাতে আনন্দের সঙ্গে, খেলার ছলে প্রারম্ভিক শিক্ষা এবং অঙ্গনওয়াড়ি থেকে বিদ্যালয়ে সহজ স্থানান্তর নিশ্চিত করা যায়। কমিটি স্থানীয় শিল্পী, কারিগর এবং প্রবীণদের সঙ্গে মিলিতভাবে কাজ করতে পারে। এর মাধ্যমে প্রথাগত জ্ঞান, শিল্প এবং স্থানীয় সংস্কৃতিকে বিদ্যালয়ের কার্যক্রমের সঙ্গে যুক্ত করা যাবে, যার মধ্যে স্থানীয় গান, ছড়া, কারুশিল্প এবং উৎসবের ব্যবহার অন্তর্ভুক্ত রয়েছে, যা শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধি এবং সাংস্কৃতিক শিকড়ের সাথে যুক্ত থাকতে সহায়তা করবে। অভিভাবক ও সম্প্রদায়ের অংশগ্রহণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশিকা নিপুন ভারত বাস্তবায়ন নির্দেশিকা (2021)-এর অধ্যায় 14-এ প্রদান করা

[2] নিপুন ভারত (ন্যাশনাল ইনিশিয়েটিভ ফর প্রফিসিয়েন্সি ইন রিডিং উইথ আন্ডারস্ট্যান্ডিং অ্যান্ড নিউমারেসি) হলো এন.ই.পি 2020-এর অধীনে একটি জাতীয় মিশন, যার লক্ষ্য হলো 2026-27 সালের মধ্যে দ্বিতীয় শ্রেণির প্রতিটি শিশুর বুনিয়াদী সাক্ষরতা ও সংখ্যাজ্ঞান (এফ.এল.এন) নিশ্চিত করা। এই মিশনের উদ্দেশ্য হলো বুনিয়াদী স্তরে পঠন, লিখন এবং সংখ্যাজ্ঞানের ক্ষেত্রে শ্রেণি-ভিত্তিক দক্ষতা অর্জন করা। নির্দেশিকাটি এখানে পাওয়া যাবে: https://www.education.gov.in/sites/upload_files/mhrd/files/nipun_bharat_eng1.pdf

হয়েছে।

